

## 🔳 আয-যারিয়াত | Adh-Dhariyat | ٱلذَّارِيَات

আয়াতঃ ৫১: ২৬

আরবি মূল আয়াত:

## فَرَاغَ اللَّى اَهلِهِ فَجَآءَ بِعِجلٍ سَمِينٍ ﴿٢۶﴾

## 🗚 অনুবাদসমূহ:

অতঃপর সে দ্রুত চুপিসারে নিজ পরিবারবর্গের কাছে গেল এবং একটি মোটা-তাজা গো-বাছুর (ভাজা) নিয়ে আসল। — আল-বায়ান

তখন সে তাড়াতাড়ি তার ঘরের লোকেদের নিকট চলে গেল এবং একটি মোটাতাজা (ভাজা) বাছুর নিয়ে আসল।
— তাইসিরুল

অতঃপর সে গৃহাভ্যন্তরে গেল এবং একটি মাংশল ভাজা গো-বৎস নিয়ে এল। — মুজিবুর রহমান

Then he went to his family and came with a fat [roasted] calf — Sahih International

২৬. অতঃপর ইবরাহীম তার স্ত্রীর কাছে দ্রুত চুপিসারে গেলেন(১) এবং একটি মোটা-তাজা গো-বাছুর (ভাজা) নিয়ে আসলেন,

(১) ুশব্দটি ুত্তথেকে উদ্ভূত। অর্থ গোপনে চলে যাওয়া। উদ্দেশ্য এই যে, ইবরাহীম আলাইহিস সালাম মেহমানদের খানাপিনার ব্যবস্থা করার জন্যে এভাবে গৃহ থেকে চলে গেলেন যে, মেহমানরা তা টের পায়নি। নতুবা তারা হয়ত এ কাজে বাধা দিত। [কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

(২৬) অতঃপর ইব্রাহীম সংগোপনে তার স্ত্রীর নিকট গেল এবং একটি (ভুনা) গোশতল বাছুর নিয়ে এল।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4701

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন